নিউ ইয়র্ক সিটি প্রি-K ফর অল, 3-K ফর অল, হেড স্টার্ট এবং আর্লিলার্ন পরিবারবর্গের প্রতি:

ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (DECE) বিশ্বাস করে যে, জন্ম থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত এবং তার উপর বয়সের সকল শিক্ষার্থীর উচ্চ-মানের আর্লি কেয়ার এবং শিক্ষা লাভ করা দরকার। আমাদের লক্ষ্য আপনার সন্তানকে সাংস্কৃতিকভাবে সাড়া প্রদানকারী এবং তার বিকাশে যথাযথ শিক্ষণ পরিবেশ প্রদান করা যেখানে সে নিরাপদে এবং আত্মবিশ্বাসের সাথে তার পূর্ণ সম্ভবনার অনুসন্ধান, সংযোগ, এবং বিকাশ ঘটাতে পারে। যখন শিক্ষার্থীদেরকে তাদের সম্ভবনার বিকাশে সম-পরিমাণ সুযোগ দেয়া হয়, এবং পরিবারসমূহকে নিজেদের সর্বোচ্চ শক্তিতে সহায়তা করা হয়, তখন শিক্ষার্থীরা একটি স্বাস্থ্যকর স্কুল এবং জীবন শুরু করে।

পরিবারসমূহের প্রতি এই প্রতিশ্রুতির ডক্যুমেন্ট সকল প্রোগ্রামের ধরনব্যাপী ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড সার্বজনীন লক্ষ্যসমূহ ধারণ করে, এবং নিচে উল্লিখিত ক্ষেত্রে আপনার সন্তানের প্রোগ্রাম থেকে কী প্রত্যাশিত, সেবিষয়ে একটি কাঠামো প্রদান করে:

- দুই প্রজন্মের পদ্ধতি
- শিক্ষাদান এবং শিক্ষা গ্রহণ
- বৈচিত্র্যময়তা এবং অন্তর্ভুক্তিকরণ
- প্রোগ্রাম পরিচালনা
- মানসিক এবং শারীরিক স্বাস্থ্য
- তথ্য-উপকরণসমূহ

আপনার সন্তানের প্রোগ্রাম সম্পর্কে আপনার যদি কোনও মতামত অথবা প্রশ্ন থেকে থাকে, সেজন্য আমরা তথ্য-উপকরণ সেকশনে যোগাযোগের তথ্যও সংগ্রহ করেছি। মনে রাখবেন, আপনি সব সময় প্যারেন্ট সাপোর্ট লাইনে (P311) ফোন করতে পারেন: সাধারণ প্রশ্ন এবং সহায়তার জন্য 311 নম্বরে ডায়াল করুন এবং বলুন "স্কুলস্" অথবা (718) 935-2009 নম্বরে ফোন করুন।

DECE আপনার সন্তানের সহায়তা এবং তার সাফল্যে সহায়তার প্রোগ্রামে কাজের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, তা সে প্রোগ্রামের সেটিং অথবা সাইজ যাই হোক না কেন। আমরা বিশ্বাস করি পুরো পরিবারের কল্যাণে সহায়তাদান শিক্ষার্থীদের বেড়ে ওঠায় সহায়তার মূল।

বিনীত,

NYC DOE ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন

সকল নিউ ইয়র্ক সিটি প্রি-K ফর অল, 3-K ফর অল, হেড স্টার্ট, এবং আর্লিলার্ন প্রোগ্রামের প্রতি:

ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (DECE) বিশ্বাস করে যে, সকল ক্ষুদে শিক্ষার্থীর তাদের জন্ম থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত এবং তার উপর বয়সের শিক্ষার্থীরও উচ্চ-মানের আর্লি কেয়ার এবং শিক্ষা লাভ করা দরকার। আমাদের লক্ষ্য আপনার সন্তানকে সাংস্কৃতিকভাবে সাড়া প্রদানকারী এবং তার বিকাশে যথাযথ শিক্ষণ পরিবেশ প্রদান করা যেখানে সে নিরাপদে এবং আত্মবিশ্বাসের সাথে তার পূর্ণ সম্ভবনার অনুসন্ধান, সংযোগ, এবং বিকাশ ঘটাতে পারে। যখন শিক্ষার্থীদেরকে তাদের সম্ভবনার বিকাশে সম-পরিমাণ সুযোগ দেয়া হয়, এবং পরিবারসমূহকে নিজেদের সর্বোচ্চ শক্তিতে সহায়তা করা হয়, তখন শিক্ষার্থীরা একটি স্বাস্থ্যকর স্কুল এবং জীবন শুরু করে।

পরিবারসমূহের প্রতি এই প্রতিশ্রুতির ডক্যুমেন্ট আমাদের সকল প্রোগ্রামের ধরনব্যাপী ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড সার্বজনীন লক্ষ্যসমূহ ধারণ করে, এবং পরিবারেরা তাদের সন্তানের প্রোগ্রাম থেকে কী প্রত্যাশিত, সেবিষয়ে পরিবারদের একটি কাঠামো প্রদান করে: আপনার সন্তানের প্রোগ্রাম সম্পর্কে আপনার যদি কোন মতামত অথবা প্রশ্ন থাকে, সেজন্যে এটা যোগাযোগের তথ্যও অন্তর্ভুক্ত করেছে। এই ডক্যুমেন্টটি বহুবিধ উপায়ে পরিবারগুলির কাছে লভ্য হবে, যেমন NYC DOE ওয়েবসাইট এবং বার্থ টু ফাইভ পলিসি হ্যান্ডবুক। আমরা আপনাকে স্কুল বছরের শুরুতেও এটি আপনার কর্মী এবং পরিবারের কাছে বিতরণ করতে উৎসাহ প্রদান করছি।

DECE আপনার সন্তানের সাফল্যে সহায়তার প্রোগ্রামে কাজের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, তা সে প্রোগ্রামের সেটিং অথবা সাইজ যাই হোক না কেন। আমরা প্রোগ্রাম নেতৃত্ব এবং টিচিং টিমগুলির সাথে পরিবারের মজবুত সম্পর্ক গড়ে তোলায় পার্টনারশিপ করতে প্রতিশ্রুতিবদ্ধ, কারণ আমরা বিশ্বাস করি পুরো পরিবারের কল্যাণে সহায়তাদান শিক্ষার্থীদের বেড়ে ওঠার মূল ভিত্।

বিনীত,

NYC DOE ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন

# পরিবারদের প্রতি ডিভিশন অভ আর্লি চাইল্ডহুডের প্রতিশ্রুতি

DOE ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (DECE)-এর মূলমন্ত্র হল পুরো দেশের মধ্যে সবচেয়ে সেরা আর্লি কেয়ার এবং শিক্ষণ পদ্ধতি তৈরি করা, যেন নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থী তার পূর্ণ সম্ভাবনায় বিকশিত হবার ন্যায্য সুযোগ পায়। এই উদ্দেশ্য সাধনে সহায়তাদানে, DECE সকল ছোট্ট শিক্ষার্থী যাতে সম্ভব সর্বোচ্চ মানের সেবা গ্রহণ করে সেবিষয়টি নিশ্চিত করতে পরিবারদের নিচে উল্লিখিত প্রতিশ্রুতি এবং সহায়-সংস্থান প্রদান করে।

এখানে ছয়টি প্রতিশ্রুতির সেকশন রয়েছে, এবং নিচে প্রত্যেকটির একটি উপরিচিত্র দেয়া হলো। আরও জানতে টাইটেলে ক্লিক করুন।

## বিষয়সূচি

### দুই প্রজন্মের পদ্ধতি

*DECE পরিবারসমূহের ভিন্ন ভিন্ন চাহিদা পূরণ এবং লক্ষ্য নিশ্চিত করতে পুরো পরিবারকে পরিষেবাদানে প্রতিশ্রুতি প্রদান করে যা প্রোগ্রাম ডিজাইন এবং সিদ্ধান্ত-গ্রহণের মধ্যে অন্তর্ভুক্ত।*

### শিক্ষাদান এবং শিক্ষা গ্রহণ

*DECE আপনার সন্তানকে সহায়তাদানে পুরো পরিবারের সাথে খেলাধুলা-ভিত্তিক শিক্ষণ, অনুসন্ধান, এবং পার্টনারশিপের প্রতিশ্রুতি দান করে যাতে আপনার সন্তানের জন্য আপনার যে লক্ষ্য সেটি তার শিক্ষানির্দেশনায় অন্তর্ভুক্তিকরণ নিশ্চিত করা যায়।*

### বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তিকরণ

*আমরা যখন আর্লি কেয়ার এবং শিক্ষার প্রোগ্রাম এবং পরিবার সহায়-সংস্থান যৌথভাবে তৈরি করছি, তখন DECE বৈচিত্র্যময় পরিবার এবং সাংস্কৃতিক পটভূমির অন্তর্ভুক্তিকরণ এবং মর্যাদা প্রদানের প্রতিশ্রুতি প্রদান করে।*

### প্রোগ্রাম পরিচালনা

*DECE আপনার পরিবারকে বিনামূল্যের, পূর্ণ-দিবসের, উচ্চ-মানের প্রোগ্রামের সুযোগদানে প্রতিশ্রুতিবদ্ধ।*

### মানসিক এবং শারীরিক স্বাস্থ্য

*DECE একটি আর্লি লার্নিং অভিজ্ঞতা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে সকল শিক্ষার্থী এবং পরিবার উভয় শারীরিক এবং মানসিকভাবে সুস্থ, সুরক্ষিত, এবং যত্নশীল বোধ করে।*

### সংস্থান বা রিসোর্সসমূহ

*পরিবার সংশ্লিষ্টতা, এনরোলমেন্ট, স্পেশাল এডুকেশন, এবং বহুভাষী শিক্ষার্থী সম্পর্কিত আপনার প্রশ্নের জন্য বিভিন্ন রিসোর্স এবং যোগাযোগের তথ্য খুঁজে নিন।*

## দুই প্রজন্মের পদ্ধতি

*DECE পরিবারসমূহের ভিন্ন ভিন্ন চাহিদা পূরণ এবং লক্ষ্য নিশ্চিত করতে পুরো পরিবারকে পরিষেবাদানে প্রতিশ্রুতি প্রদান করে যা প্রোগ্রাম ডিজাইন এবং সিদ্ধান্ত-গ্রহণের মধ্যে অন্তর্ভুক্ত।*

দুই-প্রজন্মের (2Gen) পদ্ধতি শিক্ষার্থী এবং প্রাপ্ত-বয়স্কগণের সাথে ইচ্ছাকৃতভাবে একযোগে কাজ করে  তাদের জীবনে পারিবারিক কল্যাণ গড়ে তোলে। এই পদ্ধতি অনুধাবন করে যে পরিবারের সদস্য সংখ্যা ভিন্ন ভিন্ন হয়, যা পরিবারেরা নিজেরা সংজ্ঞায়িত করে। DECE এও জানে যে প্রযত্নপ্রদানকারীগণ তাদের সন্তানের প্রথম শিক্ষক এবং অ্যাডভোকেট, এবং একটি উচ্চ মানের প্রোগ্রাম গড়ে তুলতে, আর্লি চাইল্ডহুড নেতৃত্ব এবং কর্মীগণ তাদের জীবনের শিক্ষার্থী এবং প্রাপ্তবয়স্কদের জন্য অবশ্যই একটি পূর্ণ পারিবারিক পদ্ধতি প্রতিষ্ঠা করবে।

- প্রোগ্রামগুলো পিতামাতা এবং সেবাদানকারীদের তাদের সন্তানের প্রথম শিক্ষক হিসেবে চিহ্নিত করবে, এবং আপনার সন্তানের শিক্ষা অভিজ্ঞতার জন্য তাদের যে লক্ষ্য সেটির সহায়তায় আপনার সাথে অংশীদারিত্ব করবে। পরিবারের সাথে লক্ষ্য নির্ধারণের জন্য প্রোগ্রামসমূহকে বছরের শুরুর প্রশ্নাবলীর একটি নমুনা, এবং পরিবারদের পরবর্তী বছরে উত্তরণে পরিবারগুলির সহায়তায় বছর শেষের প্রশ্নাবলীর একটি নমুনা দেখতে আমরা পরামর্শ প্রদান করি। এখানে অনুবাদসমূহ পাবেন।
- প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটর বা প্রশাসকগণ যখন প্রোগ্রাম সম্পর্কিত কোনও সিদ্ধান্ত গ্রহণ করেন, তখন তারা পরিবারের মতামতকে বিবেচনায় নেবেন।
- আপনার সন্তানের শিক্ষণ এবং প্রোগ্রামের নীতি এবং কর্মকাণ্ড সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য শেয়ার করার সময় প্রোগ্রামগুলি পারিবারিক বৈচিত্র্য এবং সাংস্কৃতিক পটভূমির প্রতি মর্যাদা প্রদর্শন এবং সেগুলির প্রতিফলন ঘটাবে।
- প্রোগ্রামগুলি তাদের কমিউনিটির রিসোর্সগুলি সম্পর্কে জ্ঞানসম্পন্ন থাকবে এবং পুরো পরিবারের কল্যাণ এবং স্থায়ীত্ব নিশ্চিত করার লক্ষ্যে  পরিবারগুলিকে প্রয়োজনবোধে এইসব রিসোর্সের সাথে সংযুক্ত করবে।
- হেড স্টার্ট প্রোগ্রামগুলি সকল পরিবারের সাথে একটি পরিচালন প্রক্রিয়া এবং পরিবার অংশিদারীত্বের চুক্তিতে সম্পৃক্ত হবে। আরও তথ্যে জন্য, হেড স্টার্ট প্রোগ্রাম পরিচালনার মানসমূহ দেখুন।

## বৈচিত্র্যময়তা এবং অন্তর্ভুক্তিকরণ

*আমরা যখন আর্লি কেয়ার এবং শিক্ষার প্রোগ্রাম এবং পরিবার সহায়-সংস্থান যৌথভাবে তৈরি করছি, তখন DECE বৈচিত্র্যময় পরিবার এবং সাংস্কৃতিক পটভূমির অন্তর্ভুক্তিকরণ এবং মর্যাদা প্রদানের প্রতিশ্রুতি প্রদান করে।*

- প্রোগ্রামগুলো একটি উষ্ণ ও আন্তরিক পরিবেশ প্রদান করবে যা আপনাদের পারিবারিক ভাষা ও সংস্কৃতিকে মর্যাদা প্রদান করবে।
- আপনার পছন্দের ভাষায় যোগাযোগের উপর ফোকাস প্রদান এবং আপনার পরিবারের জাতীয় এবং সাংস্কৃতিক পরিচিতির প্রতি মর্যাদা প্রদর্শনে আপনাকে সংশ্লিষ্ট রাখতে প্রোগ্রামগুলি প্রচেষ্টা চালায়।
- প্রোগ্রামগুলি প্রত্যেক কমিউনিটির অনন্য চাহিদা বুঝতে কাজ করে এবং এই জ্ঞানকে সজ্ঞাত সিদ্ধান্ত-গ্রহণে ব্যবহার করে।

- প্রোগ্রামগুলো অবশ্যই প্রকৃত বা অনুমিত জাতি, ধর্ম, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, অভিভাসনগত অবস্থা, নাগরিকত্বের অবস্থা, ওজন, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, অথবা লিঙ্গ পরিচয় বা প্রকাশ ভঙ্গি, অথবা স্বনির্ভরতার স্তর বিবেচনায় না নিয়ে সবাইকে শিক্ষার সমসুযোগ দেবে[1]।
  - উদাহরণস্বরূপ, কোনও প্রোগ্রাম আপনার সন্তানকে ভর্তি হতে প্রত্যাখ্যান করতে পারবে না, যদি সে এখনও স্বাধীনভাবে বাথরুম ব্যবহার করতে পারে অথবা নিজে নিজে পোশাক পরতে না পারে।
  - আপনার সন্তান যদি প্রতিবন্ধিতাযুক্ত হয়, তার অধিকার আছে চাইল্ডহুড প্রোগ্রামে অংশগ্রহণের।
    - 0-3 বছর বয়সের যেসব শিক্ষার্থী ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর মাধ্যমে বর্তমানে আর্লি ইন্টারভেনশন (EI) সার্ভিস পাচ্ছে তারা তাদের আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে পরিষেবা লাভ করতে সক্ষম হবে।
    - 3-5 বছর বয়সের শিক্ষার্থীরা আর্লি চাইল্ডহুড প্রোগ্রামসমূহে অংশ নিতে পারে (1) আপনি CPSE -তে অথবা ইতোমধ্যে DOE-তে রেফারেল জমাদানের পরিকল্পনা করেন বা না করেন; (2) আপনি যদি বর্তমানে CPSE প্রক্রিয়ার মধ্য দিয়ে যান; (3) আপনার সন্তানের যদি ইতোমধ্যে ব্যক্তিক শিক্ষা প্রোগ্রাম (IEP) থেকে থাকে, এর অন্তর্ভুক্ত এমন IEP যাতে সমন্বিত পরিবেশে (SCIS) স্পেশাল ক্লাসের অথবা স্পেশাল ক্লাসের পরামর্শ থাকে। [2]

## মানসিক এবং শারীরিক স্বাস্থ্য

*DECE একটি আর্লি লার্নিং অভিজ্ঞতা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে সকল শিক্ষার্থী এবং পরিবার উভয় শারীরিক এবং মানসিকভাবে সুস্থ, সুরক্ষিত, এবং যত্নশীল বোধ করে।*

- প্রোগ্রামগুলি আন্তরিক, সহায়ক, ট্রমার-তথ্য সমৃদ্ধ[3], এবং বৈচিত্র্যপূর্ণ শিক্ষণ পরিবেশ প্রদান করবে এবং পরিবারের বর্তমান সামাজিক এবং মানসিক চাহিদা পূরণ করতে তাদের সাথে পার্টনারশিপ করবে।
- আপনার সন্তানের টিচিং টিম আপনার সন্তানকে এবং তার চাহিদাসমূহ সম্পর্কে জানবে, এবং একটি যত্নশীল সম্পর্ক এবং শিক্ষণ পরিবেশ প্রদান করবে যা তার শারীরিক, সামাজিক, এবং মানসিক চাহিদা পূরণ করে। যেমন, আপনার সন্তান বেড়ে-ওঠার পাশাপাশি, সে জানবে কীভাবে প্রবল অনুভূতিগুলিতে বুঝতে, তার বিবরণ দিতে, এবং প্রকাশ করতে হয়।
- প্রোগ্রামগুলি আপনার সন্তানকে অংশগ্রহণের সুযোগ দিতে যেকোনো স্বাস্থ্য অথবা চিকিৎসাগত সুবিধা প্রদান করতে অথবা সহায়তাদানে অন্য প্রোগ্রাম অফার করবে অথবা সেটার সাথে সমন্বিতভাবে কাজ করবে।
- আপনার সন্তানকে সেবা প্রদানকারী প্রাপ্ত বয়স্কগণকে সকল আবশ্যিক নিরাপত্তা এবং স্বাস্থ্যের ছাড়পত্রের ব্যবস্থা করতে হবে।

---

[1] *হেড স্টার্ট প্রোগ্রামসহ, যেসব প্রোগ্রাম সম্প্রসারিত দিবস এবং বছর প্রদান করে তাদের আয়ের যোগ্যতা এবং অন্য শর্ত থাকে যা পরিবারগুলিকে অবশ্যই তাদের সন্তানকে ঐসব প্রোগ্রামে এনরোল করার জন্য পূরণ করতে হয়। এই প্রোগ্রামগুলি মাইস্কুলস্-এ বর্ণিত আছে।*

[2] *আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের কোন প্রতিবন্ধিতা বা বিলম্বিত বিকাশজনিত প্রতিবন্ধিতা রয়েছে যা তার শিখনের প্রতিবন্ধক, তাহলে সাধারণ শিক্ষা ব্যবস্থায় তার বেড়ে ওঠায় ও শিখনে সহায়তার জন্য কোনও হস্তক্ষেপের প্রয়োজন আছে কিনা সেবিষয়ে প্রথমেই আপনার সন্তানের কর্মসূচির সাথে কথা বলুন। যদি কৌশলসমূহ বাস্তবায়ন করা হয়ে থাকে এবং আপনি মনে করেন আপনার সন্তানের হয়তো স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে, আপনার সন্তানের প্রোগ্রাম NYCDOE-এর কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) বরাবর ফ্রি স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের জন্য একটি প্রাথমিক সুপারিশপত্র জমা দিয়ে সহায়তা করতে পারে।*

[3] *ট্রমার-তথ্য সমৃদ্ধ পদ্ধতি বলতে বোঝায় এমন একটি পদ্ধতি যেখানে প্রোগ্রামের প্রত্যেক ব্যক্তি, তাদের পদবী অথবা ভূমিকা বিবেচনায়া না নিয়ে, "ট্রমার ব্যাপক প্রভাবটি উপলব্ধি করে এবং এর থেকে সেরে ওঠার সম্ভাব্য পথগুলি বোঝে; গ্রাহক, পরিবার, কর্মী, এবং অন্যদের মাঝে ট্রমার লক্ষণ এবং চিহ্নগুলি শনাক্ত করতে পারে; এবং ট্রমা সম্পর্কিত পূর্ণ সমন্বিত জ্ঞান তাদের নীতিমালা, প্রক্রিয়া, এবং অনুশীলনীতে অন্তর্ভুক্ত করে সাড়া দিতে সক্ষম হয়, এবং সক্রিয়ভাবে পুনরায় আবার ট্রমা ফিরে আসাকে প্রতিরোধ করে।" সাবস্টেন্স অ্যাবিউস্ অ্যান্ড মেন্টাল হেলথ্ সার্ভিস অ্যাডমিনিস্ট্রেশন (মাদকদ্রব্যের অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রশাসন) । SAMHSA-র কনসেপ্ট অভ ট্রমা অ্যান্ড গাইডেন্স ফর অ্যা ট্রমা-ইনফরমড় অ্যাপ্রোচ। HHS পাবলিকেশন নম্বর (SMA) 14-4884. Rockville, MD: মাদকদ্রব্যের অপব্যবহার অ্যান্ড মেন্টাল হেলথ্ সার্ভিস অ্যাডমিনিস্ট্রেশন।*

- সকল সময় শিক্ষার্থী এবং কর্মীদের মাঝে আবশ্যক যথাযথ অনুপাত অনুসরণ করে প্রোগ্রামগুলি আপনার সন্তানের জন্য নিরাপদ যত্নের ব্যবস্থা করবে, এবং সে যেন সবসময় তাদের দৃষ্টিগোচরে থাকে সেবিষয়টি নিশ্চিত করবে।
- প্রোগ্রামগুলি তাদের স্থানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন এবং নিরাপদ রাখবে এবং আপনার সন্তানের স্বাস্থ্য এবং সুস্থতা নিশ্চিত করতে সকল বর্তমান স্বাস্থ্য এবং সুরক্ষার গাইডলাইন মেনে চলবে।
- প্রোগ্রামগুলি ক্ষুদে শিক্ষার্থীদের জন্য বেড়ে-ওঠার উপযুক্ত এমন একটি পরিবেশ প্রদান যা বিভিন্ন সামগ্রী এবং খেলনা দিয়ে ভরা যা আপনার সন্তানের শিখনে সহায়ক হবে।
- প্রোগ্রামগুলি প্রতিদিন আপনার সন্তানকে পুষ্টিকর খাবার এবং/অথবা স্ন্যাকস্ প্রদান করবে।

## শিক্ষাদান এবং শিক্ষা গ্রহণ

*DECE আপনার সন্তানকে সহায়তাদানে পুরো পরিবারের সাথে খেলাধুলা-ভিত্তিক শিক্ষণ, অনুসন্ধান, এবং পার্টনারশিপের প্রতিশ্রুতি দান করে যাতে আপনার সন্তানের জন্য আপনার যে লক্ষ্য সেটি তার শিক্ষানির্দেশনায় অন্তর্ভুক্তিকরণ নিশ্চিত করা যায়।*

- প্রোগ্রামগুলি আপনার সন্তানের শিক্ষণ পরিকল্পনা করতে তার বয়স অনুযায়ী নিচের ফ্রেমওয়ার্ক এবং মান ব্যবহার করবে: নিউ ইয়র্ক স্টেট প্রিকিন্ডারগার্টেন লার্নিং স্ট্যান্ডার্ডস্ (NYSPLS) এবং আর্লি লার্নিং আউটকামস্ ফ্রেমওয়ার্ক (ELOF)।
- আপনার সন্তানের শিক্ষকতা টিমে ও প্রোগ্রামের নেটওয়ার্কে প্রশাসক তথা অ্যাডমিনিস্ট্রেটরগণ তাদের পদের সাথে মানানসই যোগ্যতার অধিকারী হবেন।
- আপনার সন্তান যখন তার চারপাশের জগতে খেলবে এবং অনুসন্ধান চালাবে, তখন আপনার সন্তানের শিক্ষকতার টিম তার পরিচয়, তার আগ্রহের বিকাশ, এবং তার সহপাঠীদের সাথে একটি কমিউনিটি বোধ গড়ে তুলতে তাকে সুযোগ প্রদান করবে।
- প্রোগ্রামগুলি আপনার সন্তানকে বিভিন্ন শিক্ষণ উপকরণ ব্যবহারের মাধ্যমে বড় ও ছোট দলে অংশগ্রহণ, স্বনির্ভর অভিজ্ঞতা অর্জন এবং শারীরিক কর্মকাণ্ড করার সুযোগ প্রদান করবে।
- প্রোগ্রামগুলি শিক্ষণ পরিবেশের বাইরে আপনার এবং আপনার সন্তানের জন্য কর্মকাণ্ড প্রদান করবে যা আপনারা একসাথে করতে পারবেন এবং সেগুলি প্রতিদিনের শিক্ষণকে সমৃদ্ধ করবে।
- প্রোগ্রামগুলি আপনার পরিবারের বহুভাষীতার মূল্য দেবে এবং আপনার পছন্দের ভাষাটি একসাথে বলতে উৎসাহ প্রদান করবে
- প্রোগ্রামগুলি আপনার সাথে আপনার সন্তানের প্রোগ্রামে ভর্তি ও ত্যাগকালীন উত্তরণ পরিকল্পনা তৈরি করবে।

# প্রোগ্রাম পরিচালনা

*DECE আপনার পরিবারকে একটি বিনামূল্যে প্রদত্ত, পূর্ণ-দিবসের উচ্চ-মানসম্পন্ন প্রোগ্রাম পাবার সুযোগদানে প্রতিশ্রুতিবদ্ধ।*

- পরিবারসমূহের বেছে নেয়ার জন্য অনেক ধরনের প্রোগ্রাম থাকবে:
  - "স্কুল দিবস এবং বছর"- এর প্রোগ্রামগুলি প্রতিদিন 6 ঘণ্টা 20 মিনিট করে বছরে কমপক্ষে 176 দিনের শিক্ষানির্দেশনা প্রদান করে।
  - "সম্প্রসারিত দিবস এবং বছর"- এর প্রোগ্রামগুলির মধ্যে আছে আর্লি হেড স্টার্ট, হেড স্টার্ট, এবং অন্য সম্প্রসারিত দিবস/বছরের প্রোগ্রাম। এইসব প্রোগ্রাম দীর্ঘ দিবস (8 অথবা 10 ঘণ্টার) এবং বছরব্যাপী পরিষেবা (225 দিন অথবা 260 দিন) প্রদান করে।

- রেজিস্ট্রেশন অথবা এনরোলমেন্ট, অথবা শিক্ষানির্দেশনার উপকরণ, স্কুল সামগ্রী, অথবা বিশেষ অনুষ্ঠানের জন্য প্রোগ্রামগুলো কোনও অর্থ আদায় করে না। চাইল্ড কেয়ার ডেভালাপমেন্ট ব্লক গ্র্যান্ট (CCDBG) কর্তৃক অর্থায়িত প্রোগ্রামগুলি একটি পরিবার ফি সংগ্রহ করে, যা স্লাইডিং স্কেলের ভিত্তিতে।
- আপনার পরিবারের জন্য NYC DOE কর্তৃক পরিষেবা লাভে অন্য প্রদানকারী কর্তৃক যেকোন প্রোগ্রামে অংশগ্রহণের আবশ্যিকতা নেই।

# তথ্য-উপকরণসমূহ

শুধু আপনার সন্তানের জন্য পরামর্শ নয়, বরং আপনার কমিউনিটি যেখানে আপনি বাস করেন সেই কমিউনিটির জন্যও, আপনার আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম কীভাবে আপনার পরিবার এবং কমিউনিটির চাহিদা পূরণ করবে সেখানে আপনার মতামত প্রধান বিষয়। আপনি যদি মনে করেন আপনার সন্তান উচ্চ মানের সেবা এবং শিক্ষা পাচ্ছে না, অথবা আপনি যদি কোনও মতামত দিতে চান, আপনি নিচের উল্লিখিত ক্ষেত্রগুলোতে যোগাযোগ করতে পারেন:

| | |
|---|---|
| **জেনারেল ফ্যামিলি রিসোর্সসমূহ** | **এনরোলমেন্ট** |
| **স্পেশাল এডুকেশন** | **মাল্টিলিংগুয়াল লার্নার্স (বহু ভাষার শিক্ষার্থী)** |

## জেনারেল ফ্যামিলি রিসোর্সসমহ

- প্যারেন্ট সাপোর্ট লাইনে (P311) ফোন করুন: 311 নম্বরে ডায়াল করুন এবং বলুন "স্কুলস্" অথবা (718) 935-2009 নম্বরে ফোন করুন। P311-এর নিয়মিত সময় সোমবার - শুক্রবার সকাল 8 AM এবং সন্ধ্যা 6 PM
- আপনার ফ্যামিলি এনগেজমেন্ট প্রশ্নসহ FECP@schools.nyc.gov ঠিকানায় সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অভ ফ্যামিলি এমপাওয়ারমেন্ট অ্যান্ড কমিউনিটি পার্টনারশিপে ইমেইল করুন।
- রিমোট লার্নিং রিসোর্স এবং স্বাস্থ্য এবং সুরক্ষা বিষয়ে পরামর্শের জন্য আর্লি চাইল্ডহুড লার্ন অ্যাট হোম পেজ- এ এবং এর পাশাপাশি সাধারণ সকল প্রোগ্রাম থেকে কী প্রত্যাশা করা যায়, তার জন্য আর্লি চাইল্ডহুড পেজ দেখুন।
- শিক্ষার্থীদের শিক্ষণ, খেলাধুলা, সুস্থ-সবলভাবে বেড়ে ওঠার জন্য গ্রোয়িং আপ NYC ফর হ্যান্ড-পিকড্ রিসোর্সের উপর আর্লি চাইল্ডহুড ফ্যামিলি টুলকিট দেখুন।
- একটি ফ্রি ফ্যামিলি এনগেজমেন্ট পাঠ্যক্রম পেতে Ready4K-তে সাইন আপ করুন। প্রতি সপ্তাহে, আপনি আপনার সন্তানের বিদ্যমান ফ্যামিলি রুটিনের উপর কীভাবে সন্তানের উন্নতি বৃদ্ধি করা যায় সেসব বিষয়ে ফান ফ্যাক্টসহ সংক্ষিপ্ত টেক্সট ম্যাসেজ এবং সহজ পরামর্শ পাবেন। 70138 নম্বরে "NYC" লিখে টেক্সট করুন।
- স্টুডেন্টস্ ইন টেম্পোরারি হাউজিং জন্য রিসোর্স খুঁজে নিন, যেমন পাবলিক পরিবহন সহায়তা।
- DOE-ইস্যুকৃত আইপ্যাড/ডিভাইসসমূহ, অ্যাপ্লিকেশন অ্যাকসেস, অথবা অন্যান্য টেকনিক্যাল সমস্যাগুলো সম্পর্কে আমাদের জানাতে এই টেকনিক্যাল সাপোর্ট ফর্ম-টি পূরণ করুন।

## 3-K, প্রি-K, আর্লিলার্ন, কিন্ডারগার্টেন, এবং গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড এনরোলমেন্ট

- 0-2 বছর বয়সী শিক্ষার্থীরা বছর-ব্যাপী আর্লিলার্ন-এ এনরোল করতে পারবে। যোগ্যতা নির্ধারিত হয় আপনার পরিবারের আয় এবং চাহিদার উপর নির্ভর করে। আরো জানুন nyc.gov/EarlyLearn ওয়েবপেজ থেকে।
- প্রতি শীতে, DOE পরবর্তী শিক্ষা বছরের জন্য ভর্তির আবেদনপত্র সংগ্রহ করে। 3-K, প্রি-K, কিন্ডারগার্টেন এবং গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রামগুলিতে ভর্তির জন্য পরিবারগুলি ভর্তি প্রক্রিয়া অংশ নিতে পারে।
- সকল NYC পরিবার আবেদন করতে পারে:
  - আপনার সন্তানের যখন 3 বছর হবে তখন **3-K**-তে। আরও জানুন nyc.gov/3K-সাইটে।
  - আপনার সন্তানের যখন 4 বছর হবে তখন **প্রি-K**-তে। আরো জানুন nyc.gov/prek-সাইটে।

- ○ আপনার সন্তানের যখন 5 বছর হবে তখন **কিন্ডারগার্টেনে**। আরও জানতে schools.nyc.gov/Enrollment সাইট দেখুন।
- ○ যখন আপনার সন্তান এলিমেন্টারি স্কুল শুরু করবে তখন **গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড-এ**। আরও জানতে schools.nyc/GT সাইট দেখুন।
- প্রত্যেকটি ভর্তি প্রক্রিয়া সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য সম্বলিত ইমেইল পেতে সাইন আপ করুন schools.nyc.gov/sign-up ঠিকানায়।
- FWC-সমূহের সাথে যোগাযোগ করতে ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (FWC) পেজ দেখুন।
- এনরোলমেন্ট সম্পর্কিত প্রশ্ন থাকলে আর্লি চাইল্ডহুড এনরোলমেন্ট টিমের সাথে ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## স্পেশাল এডুকেশন সংস্থান বা রিসোর্সসমূহ

- 0-3 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য, আপনি যদি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিনের ব্যুরোতে আর্লি ইন্টারভেনশন বিষয়ে রেফারেল পেতে আগ্রহী হন, তবে আপনি 311 নম্বরে ফোন করে আর্লি ইন্টারভেনশন সম্পর্কে জানতে পারেন অথবা আর্লি ইন্টারভেনশন ইনফরমেশন ফর ফ্যামিলিজ পেজ দেখতে পারেন।
  - ○ আপনি DOE EI থেকে প্রিস্কুল টিমের সাথে EItoPreschool@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ অথবা 646-389-7171 নম্বরে ফোন করতে পারেন।
- জেনারেল স্পেশাল এডুকেশন অনুসন্ধান:
  - ○ DOE স্পেশাল এডুকেশন হটলাইন: 718-935-2007
  - ○ SpecialEducation@schools.nyc.gov
- রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা): RelatedServices@schools.nyc.gov
- অ্যাসিসটিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি) CATpreschool@schools.nyc.gov
- আপনার ডিস্ট্রিক্টের জন্য যোগাযোগের তথ্য পেতে CPSE অনলাইন দেখুন।
- আপনার সন্তানের জন্য বিভিন্ন পরিষেবা কীভাবে পেতে হয় সসম্পর্কে আরও জানতে, আপনি নিচের সাইটগুলো পর্যালোচনা করতে পারে:
  - ○ আর্লি ইন্টারভেনশন (আগে হস্তক্ষেপ) থেকে প্রিস্কুলে উত্তরণের DOE গাইড
  - ○ DOE ফ্যামিলি গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসেস
  - ○ DOE-এর মুভিং টু প্রিস্কুল পেজ

## মাল্টিলিঙ্গুয়াল লার্নারদের (বহুভাষীক শিক্ষার্থীদের) জন্য তথ্য-সংস্থান বা রিসোর্সসমূহ

- একজন শিক্ষার্থীর বাড়ির ভাষা তার অবিচ্ছেদ্য সাংস্কৃতিক সম্পদ যাকে ক্লাসরুম এবং কর্মসূচির পরিবেশে মর্যাদা দেয়া, অক্ষুণ্ণ রাখা, এবং প্রতিফলিত করা উচিত। ইংরেজি ভাষা শিক্ষার্থীর পিতামাতা হিসেবে আপনার অধিকার সম্পর্কে জানুন।
- আপনার সন্তানের প্রোগ্রাম, ফ্যামিলি চাইল্ড কেয়ার নেটওয়ার্ক, স্কুল, অথবা ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) অফিসের একজন কর্মী সদস্যের সাথে আপনার ভাষায় তথ্য লাভের অথবা যোগাযোগের অধিকার আপনার আছে। আরও তথ্যের জন্য NYC পাবলিক স্কুলস্ স্পিক ইয়োর ল্যাঙ্গুয়েজ দেখুন।
- নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট থেকে একটি ওয়েলকাম ফ্লায়ার ফর ইমারজেন্ট মাল্টাইলিঙ্গুয়্যাল লার্নার ফ্যামিলিজ দেখুন।
- কমিউনিটি-বেজড্ অর্গেনাইজেশনস্ খুঁজে নিন যেগুলি ভাষাগত এবং সাংস্কৃতিকভাবে বৈচিত্র্যপূর্ণ পরিবারসমূহকে সহায়তা প্রদান করে।
- ইংরেজি ভাষা শিক্ষার্থীদের পরিবারদের জন্য, উপকারী লিংকসমূহ দেখুন।